# VIVEKANANDA SWASTHYA SEVA SANGHA

(A Registered voluntary organisation for rural health care)

Regd. Office :
RC-20/11, Raghunathpur,
Kolkata-700 059

Working Centre :
CJ-142, Salt Lake, Sector-II
Kolkata 700 091, ☎ : (033) 4008 0771

Regn.no. SO048815 of 1985-86, Email : vsss7012@gmail.com • Web : www.vsss.org
Fb : www.facebook.com/vsssindia • Blog : vsssindia.blogspot.in


তারিখ - ১৯শে অক্টোবর, ২০২৪

শ্রী মলয় দাসগুপ্ত
আনন্দম্
কলকাতা।

শ্রদ্ধেয় মলয়বাবু,

সর্বপ্রথম আনন্দমের সকল ভাইবোনেদের শুভ বিজয়ার প্রীতি ও শুভেচ্ছা জানাই। আশা করি শ্রী শ্রী মায়ের পুজা সকলের আনন্দে কেটেছে।

বিবেকানন্দ স্বাস্থ্য সেবা সংঘ পরিচালিত বিভিন্ন কেন্দ্রে বিবেকানন্দ শিক্ষা প্রকল্প ও অন্যান্য শিক্ষা সহায়তা প্রকল্প চলছে তার ছাত্রছাত্রীদের মধ্যে আনন্দম্ গোষ্ঠী এবছর নতুন পুজার বস্ত্র উপহার দিয়ে আমাদের খুব কৃতজ্ঞতায় আবদ্ধ করেছেন। আমরা অভিভূত যে আনন্দম্ গোষ্ঠী আমাদের এই সেবাকাজে সামিল হয়েছে এবং আমরা আরো উৎসাহ পাচ্ছি।

খানপুরে তো আপনাদের যাওয়া সম্ভব হয়েছিল সুতরাং খানপুর কেন্দ্রটি আপনাদের দেখা হয়েছে কিন্তু আরো স্কুলগুলো আছে যেগুলি অত্যন্ত দরিদ্র যেমন - উত্তর চব্বিশ পরগণা জেলার হাড়োয়া ব্লকের গোপালপুর সংলগ্ন গ্রাম, হারানেঘেরী একটি প্রত্যন্ত অঞ্চল এবং খুবই দরিদ্র গ্রাম। সেখানকার শিশুদের নতুন বস্ত্র দেওয়া হয়েছে এবং তারা খুব খুশী হয়েছে। কিছু ছবি এই চিঠির সঙ্গে পাঠালাম। আমরা সমস্ত ছাত্রছাত্রীদের নতুন বস্ত্র দিতে পেরে খুবই আনন্দিত এবং উৎসাহিত বোধ করছি। আপনাদের ধন্যবাদ দেবার স্পর্ধা আমার নেই, শুধু শ্রীভগবানর কাছে প্রার্থনা করি আনন্দম গোষ্ঠী আরো এগিয়ে যাক, স্বামীজীর কাজে উৎসাহ উত্তরোত্তর বৃদ্ধি পাক। সকলকে আমার আন্তরিক অভিনন্দন জানাই। ইতি -

বিনীত নিবেদক,
গৌর দাস
(ডাঃ গৌর দাস)
যুগ্ম সম্পাদক